

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭১১

আগরতলা, ২৮ জানুয়ারি, ২০২৪

আমাদের ক্লাব আয়োজিত ১৯তম শিশু মেলার উদ্বোধন

শিশুদের মানসিক বিকাশে শিশু মেলার আয়োজন অত্যন্ত উপযোগী : মুখ্যমন্ত্রী

শিশুদের মানসিক বিকাশে শিশু মেলার আয়োজন অত্যন্ত উপযোগী। শিশুদের আধ্যাত্মিক ও বুদ্ধিমত্তার বিকাশে সুস্থ সংস্কৃতি চর্চার প্রয়োজন রয়েছে। এজন্য শৈশব থেকে শিশুদের সংস্কৃতি চর্চায় উৎসাহিত করতে হবে। আজ বড়দোয়ালীস্থিত আমাদের ক্লাব আয়োজিত চারদিনব্যাপী ১৯তম শিশু মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আমাদের ইতিহাস, রামায়ণ, মহাভারত সহ ত্রিপুরা রাজ্যের পরম্পরাগত কৃষ্টি ও সংস্কৃতিকে তুলে ধরে শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তোলা আমাদের সকলের সামাজিক দায়িত্ব।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, সামাজিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে সুস্থ সমাজ গঠনে ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এলাকার জনগণের ছোট ছোট সমস্যাগুলি সমাধানের মাধ্যমে ক্লাবগুলি এখন মানুষের বিশ্বাস ও আস্থার কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে। এখন ক্লাবগুলি এলাকায় গার্হস্থ্য সমস্যা, সীমানা সংক্রান্ত সমস্যা সহ বিভিন্ন সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় একটি ক্লাব গড়ে উঠে। সুস্থ সমাজ গঠনে আমাদের ক্লাব রক্তদান, ক্রীড়া, সাংস্কৃতিক কর্মসূচির আয়োজন করে আসছে। ক্লাবের কর্মসূচিগুলিতে এলাকার মহিলাদের অংশগ্রহণ আমাদের ক্লাবকে এক অন্য উচ্চতায় পৌঁছে দিয়েছে বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর অভিজিৎ মল্লিক, কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী, মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা, আমাদের ক্লাবের সভাপতি স্বপন দাশগুপ্ত, ক্লাবের সম্পাদক কার্তিক নারায়ণ চক্রবর্তী এবং শিশু মেলা কমিটির সভাপতি কমল বিকাশ রায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিশু মেলা কমিটির আহ্বায়ক লিটন ভৌমিক।
